



মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর

www.jessoreboard.gov.bd

স্মারক সংখ্যা-বিঅ-৬/৭০৩১/৩৮৮

তারিখ : ২৪-০৭-২০২৩ খ্রি.

বিষয় : এডহক কমিটি গঠনের অনুমতি প্রসঙ্গে।

সূত্র : ক) প্রধান শিক্ষকের ২৩-০৩-২০২৩ খ্রি. তারিখের অনলাইন আবেদন (আইডি নং-২০৯৬৪)।

খ) প্রধান শিক্ষকের ০৮-০৪-২০২৩ খ্রি. তারিখের কারণ দর্শানোর জবাব প্রদান।

গ) বিগত ০৯-০৭-২০২৩ খ্রি. তারিখের মিস আপিল-১৯/২০২২ নং আদেশ।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, মাগুরা জেলার সদর উপজেলাধীন “বগিয়া সুভাষিণী বসু মাধ্যমিক বিদ্যালয়” এর ০৮-০৪-২০২৩ খ্রি. তারিখের কারণ দর্শানোর জবাব ও নথী পর্যালোচনায় দেখা যায় বর্ণিত বিদ্যালয়ের ম্যানেজিং কমিটি গঠনের বিরুদ্ধে বিজ্ঞ আদালতে ওসি-২৬২/২০২২ নং মোকদ্দমা চলমান অবস্থায় বিজ্ঞ আদালত বাদী পক্ষের অস্থায়ী নিষেধাজ্ঞার আবেদনের প্রেক্ষিতে বিজ্ঞ আদালত গত ২৩-০৩-২০২৩ খ্রি. তারিখে স্থিতিবস্থা বজায় রাখার নির্দেশ প্রদান করেন এবং উক্ত স্থিতিবস্থার আদেশ বিজ্ঞ আদালত গত ০৭-০৪-২০২২ খ্রি. তারিখে ভ্যাকেটের আদেশ প্রদান করিলে বাদী বিজ্ঞ জেলা আদালতে ১৯/২০২২ নং মিস আপিল দায়ের করেন। উক্ত মিস আপিল বদলী সূত্রে বিজ্ঞ যুগ্ম ২য় আদালত, মাগুরা শুনানী-অন্তে গত ০৯-০৭-২০২৩ খ্রি. তারিখে মিস আপিল ১৯/২০২২ নং মোকদ্দমা নামঞ্জুর হয় বিধায় মহামান্য আদালতের নির্দেশনা ও বিজ্ঞ আইন উপদেষ্টার মতামত অনুযায়ী বর্ণিত বিদ্যালয়ে পরবর্তী ম্যানেজিং কমিটি গঠনের লক্ষ্যে মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর (মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক স্তরের বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের গঠনিং বডি ও ম্যানেজিং কমিটি) প্রবিধানমালা-২০০৯ এর প্রবিধান ৩৯ অনুসারে এডহক কমিটি গঠনের অনুমতি প্রদান করা হলো। আগামী ৩০ (ত্রিশ) দিনের মধ্যে বিধিমোতাবেক এডহক কমিটি গঠন করে অনুমোদনের জন্য সোনালী সেবার মাধ্যমে বোর্ড তহবিলে ৩,০০০/- (তিন হাজার) টাকা ফিস এবং প্রয়োজনীয় কাগজপত্রসহ অনলাইনে আবেদন দাখিল করার জন্য আপনাকে নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

প্রধান শিক্ষক
বগিয়া সুভাষিণী বসু মাধ্যমিক বিদ্যালয় (১১৭৯৩৩)
বগিয়া, মাগুরা সদর, মাগুরা



চেয়ারম্যান মহোদয়ের নির্দেশক্রমে
স্বাক্ষরিত
(মোঃ সিরাজুল ইসলাম)
বিদ্যালয় পরিদর্শক
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর
ফোন নম্বর-০২৪৭৭৬২৭০৫

তারিখ : ২৪-০৭-২০২৩ খ্রি.

স্মারক সংখ্যা-বিঅ-৬/৭০৩১/৩৮৮(১-৬)

অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরিত হলো :

- ১। জেলা প্রশাসক, মাগুরা।
- ২। উপজেলা নির্বাহী অফিসার, মাগুরা সদর, মাগুরা।
- ৩। জেলা শিক্ষা অফিসার, মাগুরা।
- ৪। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, মাগুরা সদর, মাগুরা।
- ৫। জনাব মোঃ নিজাম উদ্দিন, আপিলকারী।
- ৬। সংরক্ষণ নথি।


28/07/2023
বিদ্যালয় পরিদর্শক
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড
যশোর

28/07/23